তারিখ ... 23।6।83 ...
পৃষ্ঠা ... ... । ... । ...

দৈনিক বাংলা

037

# প্রাথমিক শিক্ষকরা সরকারী কর্মচারীই থাকবেন : এরশাদ

প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদ গতকাল বলেন, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ সরকারী কর্মচারী ছিলেন এবং থাকবেন এবং এ ব্যাপারে বিভ্রান্তির কোনই অবকাশ নেই বলে তিনি নিশ্চয়তা দেন।

সিএমএলএ প্রাথমিক শিক্ষক সমিতির নির্বাহী কমিটির সদস্যদের সাথে আলোচনা করছিলেন। জনাব শাহজাদা মুহম্মদ নুরুল আলম আমিরীর নেতৃত্বে তাঁরা ঢাকায় সিএমএলএ-র সাথে এক সাক্ষাৎকারে মিলিত হন।

প্রশাসন বিকেন্দ্রীকরণ এবং মহকুমা ভিত্তিক স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ আইন বিলোপ প্রসঙ্গে তিনি বলেন, প্রশাসনিক পুনর্গঠনের আলোকে থানা পর্যায়ে প্রাথমিক শিক্ষা প্রশাসনের ক্ষমতা হস্তান্তর করা হয়েছে এবং এ ব্যবস্থা শিক্ষকদের অধিকতর দায়িত্ব পালন ও প্রাথমিক বিদ্যালয়ের বয়স উপযোগী শিশুদের বিদ্যালয়ে ব্যাপক হারে উপস্থিতিরও নিশ্চয়তা বিধান করবে। এ ব্যবস্থা প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মর্যাদা মোটেও কোনভাবেই ক্ষুণ্ণ করবে না। তাঁরা নিয়মিত সরকারী কর্মচারী হিসাবেই চাকরিতে বহাল থাকবেন।

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা সিএমএলএ-র সাথে খোলাখুলিভাবে মত বিনিময় করেন এবং তাঁর সাথে তাঁদের সমস্যাবলী নিয়ে আলোচনা করেন ও প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের উপায় নিয়ে আলোচনা করেন।

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## এরশাদ

(প্রথম পৃঃ পর)

জেনারেল এরশাদ তাঁদের বলেন তাঁরা নিয়মিত সরকারী কর্মচারী এবং এব্যাপারে কোন বৈষম্য থেকে থাকলে তা দূর করা হবে। শিক্ষকগণ যে সব সমস্যা উত্থাপন করেন, তার মধ্যে রয়েছে, বেতনহার বর্ধিত সঙ্গতকরণ, প্রশিক্ষণ ও শিক্ষা অনুযায়ী শিক্ষকদের গ্রেড ধার্য, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দায়িত্ব ও অপর কোন স্থানে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বদলীর বিষয়।

সিএমএলএ আলোচনা বৈঠকেই প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বদলী বন্ধের নির্দেশ দেন এবং অপরাপর সমস্যাবলীর বিষয়ে চিন্তা-ভাবনা করে দেখার আশ্বাস দেন।

শিক্ষকগণ সিএমএলএ-কে আশ্বাস দেন যে তাঁর সরকারের উন্নয়ন-উদ্যোগ প্রচেষ্টায় সর্বান্তকরণে সহযোগিতা করবেন ও তাঁদের অরাজনৈতিক চরিত্র বজায় রাখবেন।

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য ঢাকায় একটা অফিস-কাম ট্রানসিট রেস্ট হাউস নির্মাণের জন্য জেনারেল সাড়ে পাঁচ লাখ টাকা মঞ্জুরের কথা ঘোষণা করেন।

শিক্ষা মন্ত্রী ডঃ এ মজিদ খান এ বৈঠকে উপস্থিত ছিলেন।

খবর বাসসর।